


দোহার উপজেলার আইসিটি কমিটির মে/ ২০২২ খ্রিস্টাব্দ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোবাক্কের আলম
উপজেলা নির্বাহী অফিসার
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
তারিখঃ ২৬/০৫/২০২২ খ্রিস্টাব্দ
সময়ঃ সকাল ১১:৩০ ঘটিকা।
উপস্থিতিঃ পরিশিষ্ট "ক"

সভায় উপদেষ্টা জনাব মোঃ আলমগীর হোসেন, উপজেলা চেয়ারম্যান এবং সভাপতি জনাব মোবাক্কের আলম সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উপদেষ্টা মহোদয় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভা পরিচালনা ও সভার কার্যপত্র পাঠ করার অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সদস্য সচিব মোঃ আবদুল্লাহ-আল-বায়েজীদ, সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার), দোহার, ঢাকাকে কার্যপত্র পাঠ করার অনুরোধ জানান। সদস্য সচিব কার্যপত্র পাঠ করেন। কার্যপত্রটি দৃষ্টিকরণ করা হয় এবং পরবর্তীতে কোন সংযোজন থাকলে তা কার্যবিবরণীতে উল্লেখ করার জন্য অনুরোধ দেয়া হয়। অতঃপর ক্রম এবং বিষয়ওয়ারী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	ব্যবহার
০১	আইসিটির বিস্তার ও উন্নয়ন	দোহার উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়নে আইসিটি কমিটির সকলকে এগিয়ে আসার এবং যথাযথ মতামত প্রদান করার আহ্বান জানানো হয়।	দোহার উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়নে আইসিটি কমিটির সকলকে এগিয়ে আসতে হবে এবং যথাযথ মতামত প্রদান করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার এবং ২। সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার), দোহার, ঢাকা।
০২	স্কুল-কলেজের আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধির পরামর্শ/ দিক নির্দেশন প্রদান	ডিজিটাল বাংলাদেশ/ আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে দোহার উপজেলার জনগণ এবং স্কুল-কলেজে আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধির নিমিত্ত আইসিটি কমিটির সকলকে এগিয়ে আসার এবং যথাযথ মতামত প্রদান করার আহ্বান জানানো হয়।	দোহার উপজেলার স্কুল-কলেজে আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধির নিমিত্ত আইসিটি কমিটির সকলকে এগিয়ে আসতে হবে। প্রয়োজনে স্কুল-কলেজ পরিদর্শন করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার), দোহার, ঢাকা। ৩। কমিটির সকল সদস্যবৃন্দ, দোহার
০৩	উপজেলায় স্থাপিত নেটওয়ার্ক সচল ও নিরবিচ্ছিন্ন রাখা	ডিজিটাল বাংলাদেশ/ আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে দোহার উপজেলায় স্থাপিত নেটওয়ার্ক সচল ও নিরবিচ্ছিন্ন রাখার আহ্বান জানানো হয়।	দোহার উপজেলায় স্থাপিত নেটওয়ার্ক সচল ও নিরবিচ্ছিন্ন রাখতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার এবং ২। সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার), দোহার, ঢাকা।
০৪	ওয়েবপোর্টাল হালনাগাদ করন	ডিজিটাল বাংলাদেশ/ আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে দোহার উপজেলায় ওয়েবপোর্টাল হালনাগাদ রাখার আহ্বান জানানো হয়।	দোহার উপজেলার সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ রাখতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার), দোহার, ঢাকা। ৩। কমিটির সকল সদস্যবৃন্দ এবং ৪। সকল দপ্তর প্রদানগণ, দোহার
০৫	ই-নথি বাস্তবায়ন	ডিজিটাল বাংলাদেশ/ আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে দোহার উপজেলায় ই-নথি বাস্তবায়ন ও কার্যক্রম সচল রাখার আহ্বান জানানো হয়।	দোহার উপজেলায় ই-নথি বাস্তবায়ন ও কার্যক্রম সচল রাখতে হবে। প্রয়োজনে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার), দোহার, ঢাকা। ৩। কমিটির সকল সদস্যবৃন্দ এবং ৪। সকল দপ্তর প্রদানগণ, দোহার
০৬	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	দোহারে পুরাতন ৫ টি পরিদর্শন ও প্রয়োজনীয় অনুশাসন দেওয়ার বিষয় জানানো হয় এবং নতুন ১৫টি ল্যাব প্রতিষ্ঠা করা হচ্ছে তা পরিপূর্ণভাবে প্রতিষ্ঠা না করা পর্যন্ত পরিদর্শন ও পরামর্শ দেয়ার বিষয়ে আলোচনা হয়।	দোহারে পুরাতন ৫ টি পরিদর্শন করতে হবে ও প্রয়োজনীয় অনুশাসন দিতে হবে। নতুন ১৫টি ল্যাব প্রতিষ্ঠা করা হচ্ছে তা পরিপূর্ণভাবে প্রতিষ্ঠা না করা পর্যন্ত পরিদর্শন ও পরামর্শ দেয়া অব্যাহত রাখতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার), দোহার, ঢাকা। ৩। শেখ রাসেল ল্যাব প্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানগণ।
০৭	অন্যান্য	সরকারি ইমেইল খোলা এবং ব্যবহার নিশ্চিত করতে আহ্বান জানানো হয়।	দোহার উপজেলার সকল দপ্তরের জন্য সরকারি ইমেইল খোলতে হবে এবং এর ব্যবহার নিশ্চিত করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার), দোহার, ঢাকা। ৩। কমিটির সকল সদস্যবৃন্দ এবং ৪। সকল দপ্তর প্রদানগণ, দোহার

সভাপতি, সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

 27-05-2022
(মোবাক্কের আলম)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি, উপজেলা আইসিটি কমিটি, দোহার, ঢাকা

ফোনঃ ০২-৭৭৬৮০০৬(অ)

ইমেইলঃ unodohar@gmail.com

দোহার, ঢাকা।